

আলোচ্য সূচীঃ ৩চুক্তিভিত্তিক পরিচালনাকর্মীর অব্যাহতি প্রসংগে।

আলোচনাঃ গোপালগঞ্জ পৌরসভার কঞ্জারভেসী ইন্সপেক্টর সভায় জানান গোপালগঞ্জ পৌরসভায় ১১৯ জন পরিচালন কর্মী দৈনিক হাজিরা ভিত্তিতে এবং ৫৭ জন পরিচালন কর্মী চুক্তিভিত্তিক মাসিক পারিশ্রমিকে কাজ করে তাছাড়া কেয়ার টেকার ও শিক্ষিকা হিসেবে আরো ৮ জন মাসিক পারিশ্রমিক হিসেবে বিভিন্ন কাজ করে থাকেন। তিনি আরো জানান স্থানীয় সরকার বিভাগের পরিপত্র মোতাবেক সাংগঠনিক কাঠামো ভুক্ত পদে কিংবা তার বাইরে ও নিজেদের দেয়া বিভিন্ন পদবীতে মাস্টাররোল কর্মচারী নিয়োগ পৌরসভার আর্থিক ক্ষতি সাধন এবং প্রশাসনিক অনিয়মের পর্যায়ভুক্ত। এহেন কার্যক্রম ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হইবে। তাছাড়া ৬/৮/২০২১ তারিখের স্থানীয় সরকার বিভাগের ৪৬.০০. ০০০০.০৬৩. ৩১. ০০২.২১.৬৫৯ নং স্মারকে সুইপার পদ ব্যতিত অন্য কোন পদে চুক্তিভিত্তিক/ আউটসোর্সিং/ মাস্টাররোল কর্মচারী খেয়াল খুশি মত নিয়োগ দেয়া যাবে না। তিনি পত্র দুটি সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে বিশদ আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে চুক্তিভিত্তিক কর্মচারী নিয়োগের বিধান না থাকায় পৌরসভায় কর্মরত অস্থায়ী চুক্তিভিত্তিক ৬৫জন পরিচালনাকর্মীদের অব্যাহতি প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নেঃ পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষক/কঞ্জারভেসী ইন্সপেক্টর, গোপালগঞ্জ পৌরসভা।

আলোচ্য সূচীঃ ৪জলাবদ্ধতা দূরীকরণ প্রসংগে।

আলোচনাঃ গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান বর্তমানে বর্ষা মৌসুম পৌর এলাকার কিছু কিছু জায়গা নিচু থাকায় অতি বৃষ্টির কারণে জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। দৈনন্দিন প্রয়োজনে জনসাধারণকে ঘরের বাহিরে বের হতে হয়, জলাবদ্ধতার কারণে বিভিন্ন সমস্যার সম্মুখীন হয়ে এলাকার জনগন দুর্ভোগে দিন যাপন করছেন। জলাবদ্ধতা দূর করা আবশ্যিক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে পৌর এলাকায় জলাবদ্ধতার দূর করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আজহারুল ইসলাম)  
প্রশাসক

গোপালগঞ্জ পৌরসভা।

তারিখঃ ২৬/১২/২০২৪

স্মারক নং- গোঃপৌঃসা-৪৮০/২০২৪-২০২৫/২৭৬৭/২৮( )

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

২-২১। জনাব/জনাবা ----- নং ওয়ার্ডের কাউন্সিলর, গোপালগঞ্জ পৌরসভা।

২২। পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

২৩। নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

২৪। উপ-সহকারী প্রকৌশলী(বিদ্যুৎ), গোপালগঞ্জ পৌরসভা।

২৫-২৭। -----, গোপালগঞ্জ পৌরসভা।

২৮। জনাব শাহ মোঃ রওশন হাবীব, হিসাব সহকারী, গোপালগঞ্জ পৌরসভা। তাকে পৌর পরিষদের সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।

প্রশাসক

গোপালগঞ্জ পৌরসভা।

E-mail : [popalghanipurashava72@gmail.com](mailto:popalghanipurashava72@gmail.com)